দৈনিক
আমাদের সময়

তারিখ . 20 - AUG - 2016 ...
পৃষ্ঠা ...2... কলাম ...6...

ডিসির নির্দেশে থানায় জিডি

# প্রধান শিক্ষিকাকে থাপ্পড় মারলেন শিক্ষক

আমিনুল ইসলাম, সিরাজগঞ্জ ●

মোবাইল ফোনে ভিডিও করায় সিরাজগঞ্জ পৌর এলাকার শিশু কল্যাণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকাকে থাপ্পড় মারলেন একই ভবনে অবস্থিত রেলওয়ে কলোনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুস সালাম। গত বুধবার উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও স্কুলে শিশু শিক্ষার্থীদের সামনে এ ঘটনা ঘটে। এ নিয়ে এলাকার ছাত্র-ছাত্রী-অভিভাবক ও এলাকাবাসীর মধ্যে ব্যাপক ক্ষোভ সৃষ্টি হয়েছে। নির্যাতিত ওই শিক্ষিকা তাৎক্ষণিক উর্ধ্বতন কর্মকর্তার কাছে মৌখিক অভিযোগ দিলে জেলা প্রশাসকের নির্দেশে সিরাজগঞ্জ সদর থানায় ওই শিক্ষকের বিরুদ্ধে লিখিত অভিযোগ দাখিল করেন। তবে থানায় লিখিত দেওয়ার পর থেকে ওই শিক্ষক বিভিন্ন লোক দিয়ে তাকে হুমকি-ধমকি দিচ্ছে বলে গতকাল শুক্রবার বিকালে নির্যাতিত শিক্ষিকা বিলকিস আক্তার তার মাছুমপুরস্থ বাসায় সংবাদ সম্মেলন অভিযোগ করেন।

এ সময় তিনি উপস্থিত সাংবাদিকদের বলেন, শহরের রেল কলোনিতে একই ভবনে শিশু কল্যাণ সরকারি প্রাথমিক বিদ্যালয় ও এসবি রেলওয়ে কলোনি সরকারি প্রাথমিক বিদ্যালয় অবস্থিত। এ অবস্থায় গত বুধবার সকালে ওই স্কুলে জাতির পিতা বঙ্গবন্ধুর  শোকসভার আয়োজন করা হলে রেলওয়ে কলোনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুস সালাম শিশু কল্যাণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কক্ষ দুটি তালা দিয়ে রাখে। বিষয়টি দুজনের মধ্যে সুরাহা না হওয়ায় প্রধান শিক্ষিকা বিলকিস আক্তার উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবদুস সালেককে জানান। তিনি তাৎক্ষণিক ঘটনাস্থলে ছুটে আসেন। এক পর্যায়ে বিষয়টি সংরক্ষণের জন্য মোবাইলে ভিডিও করার চেষ্টা করলে আবদুস সালাম রাগান্বিত হয়ে শিক্ষা অফিসারের সামনেই শিক্ষিকা বিলকিস আক্তারের গালে থাপ্পড় মারেন। পরবর্তী সময় ওই শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসককে (রাজস্ব) বিষয়টি অবগত করলে তারা আইনি ব্যবস্থা নিতে পরামর্শ দেন। পরে তাদের নির্দেশেই সিরাজগঞ্জ সদর থানায় একটি ডায়েরি করা হয়।